

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উপলক্ষে বর্ণাঢ্য আয়োজন



‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়: অদম্য তের বছর’ স্লোগানকে সামনে রেখে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ২২ অক্টোবর ২০১৮, সোমবার ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ তথা ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়। সকাল ১০টায় শহীদ মিনার চত্বরে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। বেলুন ও পায়রা উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যান, পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উপলক্ষে শোভাযাত্রা



উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের নেতৃত্বে ব্যান্ডদলে সুসজ্জিত প্রতিষ্ঠা বার্ষিকীর শোভাযাত্রাটি শহীদ মিনার চত্বর হতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে রায় সাহেব বাজার মোড় ঘুরে, ভিক্টোরিয়া পার্ক পরিক্রমণ করে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমাপ্ত হয়। এসময় ছাত্র-ছাত্রীরা নানা রঙ-বেরঙের টি-সার্ট ও শাড়ি পরে নেচে গেয়ে র্যালিতে অংশগ্রহণ করেন। এছাড়া প্রতিটি বিভাগের শিক্ষক-ছাত্রছাত্রী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ নিজস্ব বিভাগীয় ব্যানারে র্যালিতে অংশগ্রহণ করে।

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উপলক্ষে আলোচনা সভা



সকাল ১০:৩০টায় সামাজিক বিজ্ঞান ভবন চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। আলোচনা সভায় ‘বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উদ্যাপন কমিটির সদস্য-সচিব ও রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান-এর সঞ্চালনায় ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল, জাসদ ছাত্রলীগের সভাপতি, কর্মচারী সমিতির ভারপ্রাপ্ত সভাপতি মোঃ তুহিনুজ্জামান প্রমুখ বক্তব্য প্রদান করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮' উপলক্ষে ১ম বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী



বেলা ১২:০০টায় নতুন একাডেমিক ভবনের নিচতলায় ১ম বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এতে বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের তৈরি করা ছবি ও অন্যান্য চারু শিল্প স্থান পায়। এই বার্ষিক চারুকলা প্রদর্শনী ৪ নভেম্বর পর্যন্ত (সকাল ৯:০০টা থেকে দুপুর ৩:৩০টা) চলবে। উল্লেখ্য, এবারই প্রথম বারের মতো বিশ্ববিদ্যালয় দিবসে বার্ষিক চারুকলা প্রদর্শনীর আয়োজিত হয়।

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উপলক্ষে প্রকাশনা প্রদর্শনী



‘বিশ্ববিদ্যালয় দিবস-২০১৮’ উপলক্ষে ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের সার্বিক সহযোগিতায় দিনব্যাপী ‘প্রকাশনা প্রদর্শনী’র আয়োজন করা হয়। ১৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বিশেষ বার্তার প্রকাশ করা হয়। এতে বিগত তের বছরে বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরা হয়। প্রকাশনা প্রদর্শনীতে অন্যান্য প্রকাশনার মোড়ক উন্মোচন করা হয়। এছাড়াও প্রদর্শনীতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণাধর্মী পুস্তক, জার্নাল ও অন্যান্য প্রকাশনা প্রদর্শনীতে স্থান পায়।